Embassy of the United States of America
Dhaka, Bangladesh
Public Affairs Section

Press Release

U.S. GOVERNMENT'S DEVELOPMENT SUPPORT TO CHT COMMUNITIES HIGHLIGHTED DURING USAID MISSION DIRECTOR'S VISIT

DHAKA, December 6 – As part of U.S. Embassy Dhaka's bilateral engagement with Bangladesh, United States Agency for International Development (USAID), Bangladesh Mission Director (MD) Derrick S. Brown visited key USAID development programs in Chattogram Hill Tracts (CHT) this week. During his visit, he met with residents, local government officials and community leaders to underscore the U.S. government's commitment, through USAID, to work with the Government of Bangladesh and other development partners to improve economic opportunities and promote conservation of the unique natural resources in the Chattogram Hill Tracts.

MD Brown reviewed USAID's work with local communities to build resilient livelihoods and community-based forest management systems that sustain biodiversity and the region's water supply and improve incomes. With a focus on improving water security, these programs have increased access to safe drinking water while reducing community dependence on timber and other forest products. Through its CHT Watershed Co-Management Activity, USAID will foster an integrated ecosystem management approach through another $6 million in grant funding until August 2023 in addition to the ongoing support of $8 million. USAID has also partnered with the Bangladesh Forest Department and local communities to plant 1,445 hectares of trees in reserve forests.

In Bandarban, MD Brown observed USAID's progress in improving food security outcomes for vulnerable populations and increasing resilience. In August, USAID provided over $3 million to implementing partners, Helen Keller International and CARE, to assist the Government of Bangladesh in responding to flooding that took place in July. With USAID's support, Helen Keller International continues assisting the over 4,500 households directly impacted in the Bandarban district in recovering from the flooding.

MD Brown also visited one of USAID's many Multi-Purpose Cyclone Shelters in the region, one which is currently undergoing refurbishment, and encouraged the community to be alert and resilient against disasters through appropriate maintenance of these shelters.

The U.S. government, through USAID, has provided more than $7 billion in development assistance to Bangladesh since 1971. In 2018, USAID provided nearly $219 million in development assistance to improve the lives of people in Bangladesh through programs that expand food security and economic opportunity, improve health and education, promote

democratic institutions and practices, protect the environment, and increase resilience to climate change.

MD Brown's visit to the Chattogram Hill Tracts is one of many ongoing initiatives of the U.S. Embassy in Bangladesh this year to promote greater cooperation, dialogue and mutual understanding between Bangladeshis and Americans.

###

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaMediaRequests@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/

সংবাদ বিজ্ঞপ্তি

ইউএসএআইডি মিশনপ্রধানের সফরে পার্বত্য এলাকায় যুক্তরাষ্ট্র সরকারের উন্নয়ন সহায়তার ওপর আলোকপাত

ঢাকা, ডিসেম্বর ৬- ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাসের দ্বিপক্ষীয় যোগাযোগের অংশ হিসেবে যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি)বাংলাদেশ মিশনের পরিচালক (এমডি) ডেরিক এস ব্রাউন এ সপ্তাহে পার্বত্য চট্টগ্রামে সংস্থাটির বিভিন্ন গুরুত্বপূর্ণ উন্নয়ন কর্মসূচি পরিদর্শন করেন। সফরকালে তিনি স্থানীয় বাসিন্দা,সরকারি কর্মকর্তা ও কমিউনিটি নেতাদের সঙ্গে সাক্ষাত করেন। ডেরিক এস ব্রাউন এসময় পার্বত্য চট্টগ্রামে অর্থনৈতিক কার্যক্রমের সুযোগ বৃদ্ধি ও এখানকার বিশেষ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে বাংলাদেশ সরকার ও অন্যান্য উন্নয়ন সহযোগীর সঙ্গে কাজ করার ব্যাপারে ইউএসএআইডির মাধ্যমে যুক্তরাষ্ট্রের অঙ্গীকার তুলে ধরেন।

এমডি ব্রাউন স্থানীয় বাসিন্দাদের সঙ্গে টেকসই জীবিকা ও কমিউনিটিভিত্তিক বন ব্যবস্থাপনা পদ্ধতি নিয়ে ইউএসএআইডি'র কার্যক্রম পর্যালোচনা করেন যার লক্ষ্য জীববৈচিত্র ও সংশ্লিষ্ট অঞ্চলের পানি সরবরাহ সংরক্ষণ এবং স্থানীয়দের উপার্জন বৃদ্ধি করা। এসব কর্মসূচিতে পানি নিরাপত্তা বৃদ্ধি করার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে যার মাধ্যমে নিরাপদ পানীয় জল পাওয়ার সুযোগ বেড়েছে। অন্যদিকে কাঠ ওঅন্যান্য বনজ সামগ্রীর ওপর এলাকাবাসীর নির্ভরতা কমেছে। পার্বত্য চট্টগ্রাম 'ওয়াটারশেড কো-ম্যানেজমেন্ট অ্যাকটিভিটি'র মাধ্যমে ইউএসএআইডি ২০২৩ সাল পর্যন্ত ৬০ লাখ ডলারের মঞ্জুরির মাধ্যমে একটি সমন্বিত বাস্তুসংস্থান ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন করবে। এটি চলমান ৮০ লাখ ডলারের সহায়তার অতিরিক্ত। এছাড়া ইউএসএআইডি সংরক্ষিত বনের ১৪৪৫ হেক্টর ভ'মিতে বনায়ন করতে বাংলাদেশ বন বিভাগ ও স্থানীয় কমিউনিটির সঙ্গে হাত মিলিয়ে কাজ করছে।

বান্দরবনে এমডি ব্রাউন অসহায় জনগোষ্ঠীর জন্য খাদ্য নিরাপত্তা এবং পরিস্থিতি মোকাবেলার সক্ষমতা উন্নয়নের অগ্রগতি পরিদর্শন করেন। ইউএসএআইডি জুলাই মাসের বন্যাজনিত পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ সরকারকে সহায়তা করার জন্য বাস্তবায়ন সহযোগী হেলেন কেলার ইন্টারন্যাশনাল ও কেয়ারকে আগস্ট মাসে ৩০ লাখ ডলারের বেশি তহবিল দিয়েছে। ইউএসএআইডি'র সহায়তায় হেলেন কেলার ইন্টারন্যাশনাল বন্যার ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে বান্দরবন জেলার সরাসরি ক্ষতিগ্রস্ত ৪৫০০ এর বেশি পরিবারকে সহায়তা দিচ্ছে ।

ডেরিক ব্রাউন এ অঞ্চলে থাকা ইউএসএআইডি'র অনেকগুলো বহুমুখী ঘুর্ণিঝড় আশ্রয় কেন্দ্রের একটি পরিদর্শন করেন। বর্তমানে কেন্দ্রটির সংস্কারকাজ চলছে। এমডি ব্রাউন এলাকাবাসীকে এ আশ্রয়কেন্দ্রগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণের মাধ্যমে দুর্যোগ মোকাবেলায় সতর্ক ও প্রস্তুত থাকার পরামর্শ দেন।

যুক্তরাষ্ট্র ইউএসএআইডি'র মাধ্যমে ১৯৭১ সাল থেকে বাংলাদেশকে উন্নয়ন সহায়তা হিসেবে ৭শ' কোটি ডলারের বেশি দিয়েছে। ২০১৮ সালে বাংলাদেশের জনগণের জীবনমান উন্নয়নে প্রায় ২১ কোটি ৯০ লাখ ডলার দিয়েছে সংস্থাটি। খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি, স্বাস্থ্য ও শিক্ষার উন্নয়ন,গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও অনুশীলনগুলোকে এগিয়ে নেওয়া, পরিবেশ সংরক্ষণ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির জন্য এ সহায়তা দেওয়া হয়।

বাংলাদেশি ও আমেরিকানদের মধ্যে সহযোগিতা, সংলাপ ও পারস্পরিক বোঝাপড়া বাড়ানোর জন্য বাংলাদেশে যুক্তরাষ্ট্রের দূতাবাস এ বছর যেসব কর্মসূচি পরিচালনা করছে এমডি ব্রাউনের পার্বত্য চট্টগ্রাম সফর তার অন্যতম।

###

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaMediaRequests@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/